রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নং **১৭.০০.০০০০.০৪৫.৬২.০১০.১৬-১৪০**।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.১৩২ ও ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.১৩১ স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের নং ০৫.০০.০০০০.১৪০.১৯.০২৯.১৭.৬৭ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে এবং ৯ ও ২১ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্যপদে উপনির্বাচন এবং উহার সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডের ১৩ থেকে ১৮নং সংরক্ষিত আসনের ও ৩৭ থেকে ৫৪নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ড ২০ থেকে ২৫ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৫৮ থেকে ৭৫ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে নির্বাচনি বিরোধ সংক্রান্ত দরখাস্ত/আপিল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষে নিম্নোক্ত ছক মোতাবেক “নির্বাচন ট্রাইব্যুনাল” ও “নির্বাচন আপিল ট্রাইব্যুনাল” গঠন করল :


মূল্য : টাকা ৪.০০

"ছক"

| ক্রমিক নং | সিটি কর্পোরেশনের নাম | নির্বাচন ট্রাইব্যুনাল | নির্বাচন আপিল ট্রাইব্যুনাল |
|---|---|---|---|
| ০১ | ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ | যুগ্ম জেলা জজ<br>১ম যুগ্ম জেলা জজ আদালত, ঢাকা | অতিরিক্ত জেলা জজ<br>১ম অতিরিক্ত জেলা জজ আদালত, ঢাকা এবং<br>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd